

এখনও হীমঘরে...

নন্দিনী হোসেন

আমার মাথায় একজন নারী বাস করে
একজন আপাদমস্তক মেয়েমানুষের
বসবাস ঘুটঘুটে অন্ধকারে।
আলো দেখে ভয়ে মরে, মনে হয়
চারিদিকে গিলটিতে মোড়া সব
নকল ফানুস। টুকরো টুকরো কাহিনী
জমে গোপনে, গভীর ক্ষত নিয়ে
হীমঘরে নিদ্রা যায় আমার মহাকাব্য
এখনও...

এখনও আমি 'মানুষ' হওয়ার
দৌড়ে সামিল হতে চাই প্রাণপণে !
'মানুষ' হওয়ার 'শর্তগুলো'
যেন কি ! একজন তসলিমার 'মানুষ' হওয়া
মেনে নেয়নি কেউ ! হায় ! কেউনা...
'মেয়েমানুষেরা' মানুষ হতে চায় !
পিপীলিকার পাখা গজায়
মরিবার তরে
'মানুষেরা' চিবিয়ে চিবিয়ে বলে।
আমি তাই পাখাগুলো
ভেঙ্গে চলি অবিরাম, অবিরাম ভাঙ্গি ।
হয়তবা কখনও 'আলোর বলকানি'
পেডুলামের মতন দুলে,
অতঃপর মিলিয়ে যায়
আজন্ম আঁধারে !